গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৯১.১৬ -~~৫১৮~~ ৫২০

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬ ব. / ১৪ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে কোন আপিল মামলা দায়ের হয়ে থাকলে তার হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরীভিত্তিতে সিপিএল দায়েরক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি টিএমইডি-কে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: সুপার, পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-গৌরীপুর, ময়মনসিংহ এর ১৯/০৬/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৯/০৬/২০০৪ খ্রি. তারিখের শা:৪/১জি-৪/২০০৪/২৯৩ সংখ্যক স্মারক অনুযায়ী ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসাটি এমপিও তালিকাভুক্ত করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের ২১/০৭/২০০৪ তারিখের শা:৪/১জি-৪/২০০৪/২০০৪(পার্ট-১)/৩৬০ সংখ্যক স্মারকমূলে প্রকাশিত এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়।

২। ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপার জনাব মো: আজিজুল হক কর্তৃক সংক্ষুব্ধ হয়ে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৮৭৪০/২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় বিগত ১৫/১০/২০১৮ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রায়/নির্দেশনার অংশবিশেষ নিম্নরূপ-

" We find merit in the rule. In the result, the Rule is made absolute. The impugned memo No sim/sha-4/1G-4/2004(part-1) 360 dated 21.07.2004 issued under the signature of the Deputy Secretary, Section-4, Ministry of Education so far as it relates to cancellation of the MPO facility of Pasar Samadia Dakhil Madrasha, Gouripur, District-Mymensingh is hereby declared to have been passed without any lawful authority and is no legal effect and Respondent No 1 and 4 are directed to include the said Madrasha in the MPO list subject to fulfillment of the conditions as laid down in the নির্দেশিকা, ২০১০. This direction is to be completed within 3 (three) months from the date of receipt of the copy of this judgment and order".

৩। এক্ষণে বর্ণিত রিট পিটিশন নং-৮৭৪০/২০১৬ মামলার ১৫/১০/২০১৮ তারিখের রায়ের সার্টিফাইড কপিসহ আলোচ্য প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির দাবীতে উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

৪। উল্লেখ্য রিট মামলার রায়/নির্দেশনা সরকারের প্রতিকূলে ঘোষিত হয়েছে এবং রায় অনুযায়ী পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ প্রতিষ্ঠানটি এমপিওভুক্তকরণের সাথে সরকারের আর্থিক সংশ্লেষ রয়েছে বিধায় উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল মামলা দায়ের হওয়া আবশ্যক।

৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৮৭৪০/২০১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত ১৫/১০/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টের আপিল বিভাগে কোন আপিল মামলা দায়ের করা হয়েছে কীনা, হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরীভিত্তিতে সিপিএল দায়েরক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ৩১/১০/২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৮/১০/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। সুপার, পাছার ছামাদিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- পাছার বাজার, উপজেলা-গৌরীপুর, জেলা- ময়মনসিংহ।
৬। অফিস কপি/মাস্টার কপি।